গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক অধিশাখা-৬

**"শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০" সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে আইন শৃংখলা নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থা গ্রহন সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আসাদুজ্জামান খান, এমপি<br>মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| স্থান | ঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | ঃ | ১০ ফেব্রুয়ারি ২০২০, অপরাহ্ন ২.৩০ টা |
| উপস্থিত ব্যক্তিবর্গ ও কর্মকর্তাদের নাম ও পদবি | ঃ | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি মহান ভাষা আন্দোলনে জীবন উৎসর্গকারী ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, ২১ ফেব্রুয়ারি আজ শুধু দেশেই নয়, আন্তর্জাতিকভাবেও স্বীকৃত এবং বিশ্বের বিভিন্ন দেশে প্রতি বছর দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। এ দিবসটি আমাদের মুক্তিযুদ্ধের চেতনার ভিত্তি। দিবসটি ভাবগম্ভীর পরিবেশে উদযাপন এবং ভাষা শহীদদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনের জন্য সকলের প্রতি তিনি অনুরোধ জানান। একই সাথে দিবসের কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়নে আইনশৃংখলা রক্ষায় প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ সভায় বলেন, মহান একুশে আমাদের অহংকার। শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে ০৫/০১/২০২০ তারিখ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। এ সভায় বিস্তারিত কর্মসূচী গ্রহণ করা হয়েছে। উক্ত সভার কার্যবিবরণীতে নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম গ্রহনের জন্য জননিরাপত্তা বিভাগকে অনুরোধ করা হয়েছে। দিবসটি সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে আইনশৃঙ্খলা বাহিনীকে যথাযথ কার্যক্রম গ্রহনের অনুরোধ জানান।

৩। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) বলেন, জাতির পিতার জন্মশত বার্ষিকীর কারনে এ বছরের মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ অধিক গুরুত্বপূর্ণ। তাই আইনশৃঙ্খলা সংক্রান্ত সকল বিষয়ে অন্যান্য বছরে চেয়ে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে। তিনি আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন এবং সভায় উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর প্রধান ও প্রতিনিধিগণের মতামত আহবান করেন।

৪। সভায় উপস্থিত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, মহাপরিচালক, র‌্যাব, মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, এসবি, পুলিশ কমিশনার ডিএমপি, প্রতিনিধি, অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (প্রশাসন) এবং আনসার ও ভিডিপি, ডিজিএফআই, এনএসআই, পররাষ্ট্র মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, প্রাথমিক গণশিক্ষা মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বিদ্যুৎ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা ওয়াসা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ডিপিডিসি, বাংলাদেশ বেতার, গণযোগাযোগ অধিদপ্তরের প্রতিনিধিগণ তাদের নিজ মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

৫। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় ঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | কেন্দ্রীয় শহীদ মিনারসহ ঢাকা বিশ্ববিদ্যালয় ও সংলগ্ন এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ, আইন-শৃঙ্খলা রক্ষাসহ নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নজরদারি বৃদ্ধিকরণ | ১.১ কেন্দ্রীয় শহীদ মিনারসহ ঢাকা বিশ্ববিদ্যালয় এবং তৎসংলগ্ন এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে।<br>১.২ কেন্দ্রীয় শহীদ মিনারের চতুর্দিক যথা মৎস্যভবন, দোয়েল চত্বর, শাহবাগ, পলাশীর মোড় এবং চাঁনখারপুল এলাকায় নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণসহ দর্শনার্থীদের মেটাল ডিটেক্টরের মাধ্যমে দেহ তল্লাশি করে শহীদ মিনার চত্বরে প্রবেশের অনুমতি প্রদানের ব্যবস্থা করতে হবে।<br>১.৩ ডিএমপি ও র‍্যাব কর্তৃক কেন্দ্রীয় শহীদ মিনার ও সংলগ্ন এলাকাকে ভিডিও Surveillance-এর আওতাভুক্ত করতে হবে।<br>১.৪ নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকল্পে কেন্দ্রীয় শহীদ মিনার ও সংলগ্ন এলাকা এবং প্রতিটি এন্ট্রি ও এক্সিট পয়েন্টে প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি ক্যামেরা, নাইট ভিশন ক্যামেরা ও আর্চওয়ে স্থাপন করতে হবে।<br>১.৫ কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর এবং আজিমপুর কবরস্থান এলাকায় অতিরিক্ত জনসমাবেশ/ভিড় নিয়ন্ত্রণ করে অপ্রীতিকর পরিস্থিতি রোধ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১.৬ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সহায়তায় যাতায়াতের রুট নির্ধারণপূর্বক ডিএমপি কর্তৃক রুট ম্যাপ প্রস্তুত করে কমপক্ষে ০১ দিন আগে প্রস্তুতকৃত রুট ম্যাপ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচার নিশ্চিত করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ ঢাকা মেট্রোপলিটন পুলিশ/র‍্যাব/ডিজিএফআই/ এনএসআই/এসবি/ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/ তথ্য মন্ত্রণালয়/গণযোগাযোগ অধিদপ্তর |
| ২. | মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন। | ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রাষ্ট্রপতির কার্যালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং এসএসএফ এর সাথে আলোচনাক্রমে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর কেন্দ্রীয় শহীদ মিনারে আগমন ও প্রত্যাবর্তনের সময়সূচি নির্ধারণপূর্বক ডিএমপিকে অবহিত করবে। | রাষ্ট্রপতির কার্যালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়/পুলিশ অধিদপ্তর/ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/এসএসএফ/ ডিজিএফআই/এনএসআই/ এসবি/ডিএমপি/র‍্যাব |
| ৩. | ভিআইপিগণের শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন। | ৩.১ কেন্দ্রীয় শহীদ মিনারে ভিআইপি ও বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দের আগমন ও প্রত্যাবর্তনের সময়সূচি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্ধারণ করে ডিএমপিকে অবহিত করবে।<br>৩.২ ভিআইপি/রাজনৈতিক নেতৃবৃন্দের জন্য প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ডিএমপি/ র‍্যাব/এসবি/ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। |
| ৪. | ঢাকাস্থ বিদেশী দূতাবাসসমূহের কূটনীতিক ও প্রতিনিধিগণ এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণের শহীদ মিনারে শ্রদ্ধা | ৪.১ ঢাকাস্থ বিদেশী দূতাবাসের প্রতিনিধিগণ যাতে শহীদ মিনারে উপস্থিত হয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে পারেন, সে বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক দূতাবাসগুলোর সাথে প্রয়োজনীয় যোগাযোগ করতে হবে এবং এ বিষয়ে ডিএমপিকে অবহিত করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/ পুলিশ অধিদপ্তর/ডিএমপি/ র‍্যাব/এসবি/যুগ্ম-পুলিশ কমিশনার ট্রাফিক/ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। |

| | | | |
|---|---|---|---|
| | | ৪.২ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও পররাষ্ট্র মন্ত্রণালয় সমন্বয় করে দূতাবাসের প্রতিনিধিবর্গের আগমন ও প্রত্যাবর্তনের নির্দিষ্ট সময় নির্ধারণ করবে। মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর আগমনের পূর্বেই যেন তাঁরা অপেক্ষার জন্য নির্ধারিত স্থানে উপস্থিত হতে পারেন তা নিশ্চিত করণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪.৩ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অন্যান্য বছরের ন্যায় জিমনেসিয়ামে স্থাপিত কন্টোলরুমের পার্শ্বে বিদেশী কূটনৈতিকবৃন্দ ও প্রতিনিধিগণ এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের অপেক্ষার জন্য স্থান/জায়গার ব্যবস্থা করতে হবে।<br>৪.৪ ঢাকা বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠের প্রথম সারিতে বিদেশী দূতাবাসসমূহের প্রতিনিধিগণের জন্য গাড়ি পার্কিং এর ব্যবস্থা করতে হবে।<br>৪.৫ প্রতিনিধিবর্গ ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণের নির্বিঘ্নে কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদনের লক্ষ্যে ভিভিআইপিগণ চলে যাওয়ার পরে অন্ততঃ ৩০ মিনিট বিশেষ নিরাপত্তা ব্যবস্থা বহাল রাখা হবে।<br>৪.৬ ডিএমপি কর্তৃক এ বিষয়ে সার্বিক নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৫. | বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ | ৫.১ কেন্দ্রীয় শহীদ মিনার, শিক্ষা ভবন, আজিমপুর কবরস্থানসংলগ্ন এলাকায় ১৯ ফেব্রুয়ারি সকাল থেকে ২২ ফেব্রুয়ারি সকাল পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। তাছাড়া পিডিবি কর্তৃক অনুষ্ঠানস্থলের মূল জায়গাগুলোতে বিকল্প বিদ্যুৎ সবরাহের জন্য সর্বোচ্চ ধারণ ক্ষমতাসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক জেনারেটর সচল রাখতে হবে।<br>৫.২ কেন্দ্রীয় শহীদ মিনার এলাকায় উন্নতমানের বাল্ব সরবরাহের মাধ্যমে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে এবং কোন কারনে বাল্বসহ কোন বিদ্যুৎ লাইনে/পয়েন্টে আলোর স্বল্পতা/সমস্যা সৃষ্টি হলে উহা মোকাবেলার জন্য বিকল্প বিদ্যুৎ লাইন ও বাল্ব এর ব্যবস্থা রাখতে হবে।<br>৫.৩ কেন্দ্রীয় শহীদ মিনার, শিক্ষা ভবন, আজিমপুর কবরস্থান ও তৎসংলগ্ন এলাকায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫.৪ বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ের সকল শহীদ মিনার এলাকায়ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | বিদ্যুৎ বিভাগ/ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/ ডিপিডিসি/ডিএনসিসি/ ডিএসসিসি |
| ৬. | অগ্নিকান্ড প্রতিরোধে অগ্নিনির্বাপণ গাড়ি মোতায়েন | ৬.১ সম্ভাব্য অগ্নিকান্ড প্রতিরোধের লক্ষ্যে কেন্দ্রীয় শহীদ মিনার এলাকায় সুবিধাজনক স্থানে ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক জনবলসহ অগ্নিনির্বাপণ গাড়ি, অন্যান্য যন্ত্রপাতি ও লাইট ইউনিট মোতায়েন রাখতে হবে।<br>৬.২ দেশের সকল বিভাগ, জেলা ও উপজেলা শহরের শহীদ মিনার এলাকায় অগ্নিনির্বাপণের গাড়ীসহ জনবল মোতায়েন রাখতে | সুরক্ষা সেবা বিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৭. | প্রাথমিক চিকিৎসা সেবার জন্য চিকিৎসা ক্যাম্প স্থাপন। | ৭.১ প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের জন্যে কেন্দ্রীয় শহীদ মিনার এলাকার সুবিধাজনক জায়গায় প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক, নার্স, এ্যাম্বুলেন্স ও ঔষধসহ কমপক্ষে ২টি চিকিৎসা ক্যাম্প স্থাপন করতে হবে।<br>৭.২ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি কর্তৃক পৃথকভাবে কেন্দ্রীয় শহীদ মিনার এলাকায় ২০ ফেব্রুয়ারি তারিখ হতে চিকিৎসা ক্যাম্প স্থাপন করতে হবে।<br>৭.৩ প্রতি বছরের ন্যায় সিভিল সার্জন, ঢাকা কর্তৃক পৃথকভাবে একটি চিকিৎসা ক্যাম্প স্থাপন করতে হবে।<br>৭.৪ অন্যান্য বছরের ন্যায় বিভাগ, জেলা ও উপজেলা সদরে প্রাথমিক চিকিৎসার জন্য ২০ ও ২১ ফেব্রুয়ারি তারিখে মেডিক্যাল টিম এর কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখাতে হবে । | স্বাস্থ্য সেবা বিভাগ/ স্বাস্থ্য অধিদপ্তর/ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি/সিভিল সার্জন, ঢাকা |
| ৮. | শহীদ মিনার এলাকায় খাবার পানি সরবরাহ। | ঢাকা ওয়াসা কেন্দ্রীয় শহীদ মিনার এলাকার প্রবেশমুখে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় এনেক্স ভবনসহ ১০টি বিভিন্ন পয়েন্টে প্রয়োজনীয় বিশুদ্ধ খাবার পানি সরবরাহের ব্যবস্থা করতে হবে। | ঢাকা ওয়াসা |
| ৯. | ভ্রাম্যমান টয়লেট স্থাপন এবং শহীদ মিনারে গমণাগমনের রাস্তা মেরামত, সংস্কার ও পরিষ্কার পরিচ্ছন্ন করণ। | ৯.১ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক কেন্দ্রীয় শহীদ মিনার এলাকায় প্রয়োজনীয় সংখ্যক ভ্রাম্যমান টয়লেট স্থাপন করতে হবে।<br>৯.২ কেন্দ্রীয় শহীদ মিনারে গমাণাগমনের সকল সড়ক মেরামত ও সংস্কার করতে হবে এবং গমণাগমনের রাস্তা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। | ডিএসসিসি |
| ১০. | দেশি-বিদেশি সাংবাদিকদের জন্য সিকিউরিটি পাশ ইস্যুকরণ। | দেশি-বিদেশি সাংবাদিকদের জন্য সিকিউরিটি পাশ ইস্যুকরণের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হতে তালিকা প্রাপ্তি সাপেক্ষে পুলিশের বিশেষ শাখা বিধি মোতাবেক সিকিউরিটি পাশ প্রদান করবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/ পুলিশ বিশেষ শাখা/ ঢাকা মেট্রোপলিটন পুলিশ/ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ |
| ১১. | ঢাকা মহানগরীর বাইরে অন্যান্য মেট্রোপলিটন এলাকা, বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মসূচীতে সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ। | ১১.১ ঢাকা মহানগরীর বাইরে অন্যান্য মেট্রোপলিটন এলাকা, বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ের সকল শহীদ মিনার এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে।<br>১১.২ জেলা উপজেলাসহ দেশের যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে অমর একুশে অনুষ্ঠানের আয়োজন করা হবে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণসহ নজরদারী বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ মেট্রোপলিটন পুলিশ(সকল)/ জেলা প্রশাসক (সকল)/ পুলিশ সুপার (সকল) |

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্যে সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ ১৬/০২/২০২০
(আসাদুজ্জামান খান এমপি)
মন্ত্রী

স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.১০.০০১.১৪- ১০০

তারিখঃ ৩ ফাল্গুন ১৪২৬
১৬ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সিনিয়র সচিব/সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় /সুরক্ষা সেবা বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ/তথ্য মন্ত্রণালয়/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ঢাকা।
২। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/এনএসআই/ডিজিএফআই/এসএসএফ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/গণযোগাযোগ অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা ।
৬। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, এসবি, ঢাকা।
৭। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৮। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০। প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ওয়াসা/ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিঃ (DMTCL), ঢাকা।
১৩। পুলিশ উপ-মহাপরিদর্শক, ঢাকা রেঞ্জ, ঢাকা।
১৪। যুগ্ম-পুলিশ কমিশনার, ট্রাফিক, ঢাকা।
১৫। জেলা প্রশাসক, --------------------(সকল)।
১৬। পুলিশ সুপার, --------------------(সকল)
১৭। সিভিল সার্জন, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/রাজনৈতিক ও আইসিটি/পুলিশ ও এনটিএমসি/আনসার ও সীমান্ত/উন্নয়ন/ আইন ও শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, ঢাকা।
৪। যুগ্মসচিব (রাজনৈতিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, ঢাকা।

১৬.০২.২০২০

(শাহে এলিদ মাইনুল আমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-৯৫৭৬৩৩৮
Email: political6.mha@gmail.com